

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪১৫

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب اسماء الله تعالٰي)

পরিচ্ছেদঃ ৪. তৃতীয় অনুচ্ছেদ - সকাল সন্ধ্যা ও শয্যা গ্রহণকালে যা বলবে

আরবী

وَعَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبْزَى قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ إِذَا أَصْبَحَ: «أَصْبَحْنَا عَلَى فِطْرَةِ الْإِسْلَامِ وَكَلِمَةِ الْإِخْلَاصِ وَعَلَى دِينِ نَبِيِّنَا مُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعَلَى دِينِ نَبِيِّنَا مُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَعَلَى مِلَّةِ أَبِينَا إِبْرَاهِيمَ حَنِيفًا وَمَا كَانَ مِنَ الْمُشْرِكِينَ» . رَوَاهُ أَحْمَدُ وَالدَّارِمِيُّ وَسَلَّمَ وَعَلَى مِلَّةِ أَبِينَا إِبْرَاهِيمَ حَنِيفًا وَمَا كَانَ مِنَ الْمُشْرِكِينَ» . رَوَاهُ أَحْمَدُ وَالدَّارِمِيُّ

বাংলা

২৪১৫-[৩৫] 'আবদুর রহমন ইবনু আব্যা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ভোরে উঠে বলতেন,

''আস্বাহনা- 'আলা- ফিত্বরাতিল ইস্লা-মি ওয়া কালিমাতিল ইখলা-সি ওয়া 'আলা- দীনি নাবিয়্যিনা- মুহাম্মাদিন ওয়া 'আলা- মিল্লাতি আবীনা- ইব্রা-হীমা হানীফাওঁ ওয়ামা- কা-না মিনাল মুশ্রিকীন''

(অর্থাৎ- আমরা ইসলামের ফিত্বরাতের উপর ও কালিমায়ে তাওহীদের সাথে ভোরে ঘুম থেকে উঠলাম এবং আমাদের নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দীনের উপর ও ইব্রাহীম (আঃ)-এর মিল্লাতের উপর, আর তিনি মুশরিক ছিলেন না।)। (আহমদ ও দারিমী)[1]

ফুটনোট

[1] সহীহ : আহমাদ ১৫৩৬০, ইবনু আবী শায়বাহ্ ২৬৫৪০, দারিমী ২৭৩০, আদ্ দা'ওয়াতুল কাবীর ২৬, সহীহাহ্ ২৯৮৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ ব্যাপারে আল্লাহ তা'আলা বলেনঃ "আপনি একনিষ্ঠভাবে নিজকে ধর্মের উপর প্রতিষ্ঠা রাখুন। এটাই



আল্লাহ তা'আলার প্রকৃতি যার উপর তিনি মানব সৃষ্টি করেছেন"- (সূরা আর্ রম ৩০ : ৩০) এবং নাবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর হাদীস প্রতিটি সন্তান জন্মগ্রহণ করে প্রকৃতির উপর (کَلِمَةِ الْإِخْلُاصِ) আল মুসনাদে রয়েছে- (علی کلمة الإخلاص) অর্থাৎ- একনিষ্ঠ তাওহীদ, আর তা হলো "লা- ইলা-হা ইল্লাল্ল-হ" এবং (علی کلمة الإخلاص) এটি তাঁর পূর্ববর্তীদের থেকে খাস। কারণ সকল নাবী-রসূলগণের মিল্লাতের নামকরণটি ইসলামই করা হয়েছে। আল্লাহ তা'আলার কথাঃ "নিশ্চয় আল্লাহ তা'আলার নিকট একনিষ্ঠ ধর্ম হলো ইসলাম"- (সূরা আ-লি 'ইমরান ৩ : ১৯) এবং ইব্রাহীম (আঃ)-এর কথা, "বিশ্ব প্রতিপালকের জন্যই ইসলাম কবূল করলাম (মুসলিম হলাম)"- (সূরা আল বাকারাহ্ ২ : ১৩১) এবং সন্তানদের প্রতি ইয়া'কৃব (আঃ)-এর ওয়াসিয়্যাত, "তোমরা মুসলিম না হয়ে মৃত্যুবরণ করো না"- (সূরা আল বাকারাহ্ ২ : ১৩২)। উল্লেখ্য যে, এটি তিনি (নাবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) অন্যদের শিক্ষা দেয়ার জন্য বলেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন